রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৬, ২০২২

**[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]**

**ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড**
**ওয়েলফেয়ার ফ্যামিলি**
**প্রধান কার্যালয়**
**রাঙ্গামাটি পার্বত্য জেলা।**

**“বিজ্ঞপ্তি”**

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৮/১০ মার্চ ২০২২

**নং ওয়েলফেয়ার/প্রশা:/তথ্য/বিজ্ঞপ্তি-২০২২.০৩.০৩.০২২**—সকলের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (Welfare Technologies Services Limited) এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান (Development Partners) এর মধ্যে সম্পাদিত “ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা” এর আইনগত স্বীকৃতির জন্য জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলায় বিগত ২৯-১১-২০২১ইং তারিখে উভয় পক্ষের উপস্থিতিতে এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নিবন্ধন কর্মকর্তার সম্মুখে রেজিস্টার্ড বন্ড নং-৮২৭/২১-২২ মূলে সম্পাদন করা হয়েছে। এ ধারাবাহিকতায় যৌথসভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় বিজ্ঞপ্তি প্রকাশ করার বিষয়ে অনুমোদন করা হয়েছে। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড “ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা” এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং নিম্নরূপ অনুমোদিত সিদ্ধান্ত ও বিভিন্ন প্রকার কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন, যথা :—

১। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এবং ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড, ব্র্যান্ডিং পরিচিতি: ওয়েলফেয়ার ফ্যামিলি এর সার্বিক তত্ত্বাবধানে আধুনিক প্রযুক্তি ও সৃজনশীলতার মাধ্যমে এবং চুক্তিবদ্ধ বেসরকারি স্বেচ্ছাসেবী উন্নয়ন সহযোগী সংস্থার সমন্বয়ে সরকারি ও বেসরকারি, দেশি ও বিদেশি কোম্পানি, দাতা গোষ্ঠী, বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থার অর্থায়নে ও সহযোগিতায় বাংলাদেশের অনগ্রসর, দরিদ্র, পিছিয়েপড়া ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও


**মূল্য :** টাকা ৮.০০

জীবনমান উন্নয়নে সমাজের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সংগোঠিত করে দারিদ্র বিমোচন ও টেকসই উন্নয়ন রূপকল্প (২০২২-২০৩৭) গ্রহণ ও বাস্তবায়ন করার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, "দারিদ্র বিমোচন তহবিল গঠন" ও "দারিদ্র বিমোচন ও টেকসই উন্নয়ন" কার্যক্রম পরিচালনা করার মাধ্যমে জনগণের সমন্বয়, সম্পৃক্ততা ও সহযোগিতা সুদৃঢ় করতে সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (এসডিপি) এর বিভিন্ন প্রকার প্ল্যান অ্যান্ড প্রোগ্রেস বাস্তবায়ন করতে পারবেন;

২। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর আর্থিক ও কারিগরি সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত বিভিন্ন প্রকার সরকারি ও বেসরকারি, দেশি ও বিদেশি বিভিন্ন উৎস, ব্যক্তি, বিভিন্ন প্রতিষ্ঠান সমূহ হতে দান-অনুদান গ্রহণ অথবা ঋণ গ্রহণ অথবা বিভিন্ন প্রকার বিনিয়োগ গ্রহণ এবং My Welfare App, Website ও Software এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Mobile Apps ব্যবহার করে অথবা অন্য যেকোনো উপায় ও পদ্ধতিতে বাংলাদেশের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী এবং নিবেদিত সমাজকর্মী ও উৎসাহী ব্যক্তিবর্গ এবং বিভিন্ন প্রকার সদস্যদের থেকে এককালীন অফেরতযোগ্য ভর্তি ফিস বা বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন ফিস বা অ্যাপ রেজিস্ট্রেশন ফিস গ্রহণ করে "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোসাল বিজনেস" এবং "আইসিটি বিজনেস" ও "ফিনটেক বিজনেস" এবং "কমিউনিটি সোস্যাল সার্ভিসেস (সিএসএস)" ও "সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি (এসডিপি)" এর আওতাভুক্ত বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক স্থায়ী বা অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও বিভিন্ন প্রকার আয় করতে পারবেন;

৩। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এবং ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড, ব্র্যান্ডিং পরিচিতি, ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশের সকল বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা ও ইউনিয়নসহ এবং পার্বত্য চট্টগ্রাম তথা রাঙ্গামাটি /খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলার সকল উপজেলা ও ইউনিয়নে বর্তমান এবং ভবিষ্যৎ কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ করতে পারবেন;

৪। ভবিষ্যতে প্রয়োজনবোধে প্রতিষ্ঠান ও জনস্বার্থে স্থানীয় তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি সমৃদ্ধ "ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড" এবং "ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড" ব্র্যান্ডিং পরিচিতি: ওয়েলফেয়ার ফ্যামিলি এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত My Welfare App, Website ও Software এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Mobile Apps ব্যবহার করে অথবা অন্য যেকোনো উপায় ও পদ্ধতিতে সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মৌলিক প্রয়োজন মেটানোর জন্য খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থান সুবিধা সহায়ক বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক স্থায়ী বা অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহ এবং অধিদপ্তর ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং বিনিময় চুক্তি, লাভজনক ও অলাভজনক চুক্তি, বিভিন্ন প্রকার ইজারা (Lease) এবং যৌথ বিনিয়োগ

করে বিভিন্ন প্রকার চুক্তি (Agreement) সম্পাদন করতে পারবেন, যথা:- ১) শিক্ষা মন্ত্রণালয়; ২) সমাজকল্যাণ মন্ত্রণালয়; ৩) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; ৪) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়; ৫) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়; ৬) কৃষি মন্ত্রণালয়; ৭) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়; ৮) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়; ৯) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়; ১০) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়; ১১) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়; ১২) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; ১৩) খাদ্য মন্ত্রণালয়; ১৪) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়; ১৫) সংসদ সচিবালয়; ১৬) জনপ্রশাসন মন্ত্রণালয়; ১৭) ভূমি মন্ত্রণালয়; ১৮) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়; ১৯) রাষ্ট্রপতির কার্যালয়; ২০) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়; ২১) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; ২২) প্রধানমন্ত্রীর কার্যালয়; ২৩) পররাষ্ট্র মন্ত্রণালয়; ২৪) বস্ত্র ও পাট মন্ত্রণালয়; ২৫) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়; ২৬) পরিকল্পনা মন্ত্রণালয়; ২৭) বাণিজ্য মন্ত্রণালয়; ২৮) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়; ২৯) মন্ত্রিপরিষদ বিভাগ; ৩০) প্রতিরক্ষা মন্ত্রণালয়; ৩১) সশস্ত্র বাহিনীবিভাগ; ৩২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়; ৩৩) শিল্প মন্ত্রণালয়; ৩৪) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; ৩৫) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়; ৩৬) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়; ৩৭) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়; ৩৮) অর্থ মন্ত্রণালয়; ৩৯) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়; ৪০) রেলপথ মন্ত্রণালয়; ৪১) নৌ-পরিবহন মন্ত্রণালয়; ৪২) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়; ৪৩) পানি সম্পদ মন্ত্রণালয়; ৪৪) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়; ৪৫) বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহ এবং অধিদপ্তরসহ সরকারি অন্যান্য প্রতিষ্ঠানসমূহ এর আওতাভুক্ত।

৫। ভবিষ্যতে প্রয়োজনবোধে প্রতিষ্ঠান ও জনস্বার্থে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতাভুক্ত বিভিন্ন বিভাগ, পরিদপ্তর ও অধিদপ্তরসমূহসহ সকল সিটি কর্পোরেশন, সকল জেলা পরিষদ, সকল পৌরসভা, সকল উপজেলা পরিষদ এবং সকল ইউনিয়ন পরিষদসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং বিনিময় চুক্তি, লাভজনক ও অলাভজনক চুক্তি, বিভিন্ন প্রকার ইজারা (Lease) এবং যৌথ বিনিয়োগ করে বিভিন্ন প্রকার চুক্তি (Agreement) সম্পাদন করতে পারবেন;

৬। বাংলাদেশের অনগ্রসর, দরিদ্র, পিছিয়েপড়া ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও জীবনমান উন্নয়নে সমাজের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সংগঠিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহ এবং অধিদপ্তর ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং বিনিময় চুক্তি, লাভজনক ও অলাভজনক চুক্তি, বিভিন্ন প্রকার ইজারা (Lease) এবং যৌথ বিনিয়োগ করে বিভিন্ন প্রকার চুক্তি (Agreement) সম্পাদন করে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর সার্বিক তত্ত্বাবধানে সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "আইসিটি বিজনেস" ও "ফিনটেক বিজনেস" এবং "কমিউনিটি সোস্যাল সার্ভিসেস (সিএসএস)" এর আওতাভুক্ত বিভিন্ন প্রকার স্থায়ী বা অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন;

৭। ভবিষ্যতে প্রয়োজনবোধে প্রতিষ্ঠান ও জনস্বার্থে জনপ্রশাসন মন্ত্রণালয় এর আওতাভুক্ত বিভিন্ন বিভাগ, পরিদপ্তর ও অধিদপ্তরসমূহসহ সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়, সকল জেলা প্রশাসকের কার্যালয় এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (Memorandum of Understanding) এবং বিনিময় চুক্তি, লাভজনক ও অলাভজনক চুক্তি, বিভিন্ন প্রকার ইজারা (Lease) এবং যৌথ বিনিয়োগ করে বিভিন্ন প্রকার চুক্তি (Agreement) সম্পাদন করতে পারবেন;

এমতাবস্থায় টেকসই আধুনিক দেশ গড়ে তোলার মাধ্যমে দেশের বেকারত্ব হ্রাস ও দারিদ্র বিমোচনে সহায়তা করা এবং দেশের অর্থনৈতিক ভিত মজবুত করার মাধ্যমে অর্থনৈতিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড অনুমোদিত সিদ্ধান্ত ও বিভিন্ন প্রকার কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে উপনীত হয়েছেন।

**নুর মোহাম্মদ সিদ্দিকী**

চেয়ারম্যান
ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd